

নীচের কেসস্টাডির বিষয়টি পড়ে সঠিক উত্তর চিহ্নিত কর:-১ × ৭

দীনতারিণী নিরামিষ ঘরে রান্না করছিলেন, সত্যবতী দাওয়ার নীচে 'ছাঁচতলা'য় এসে দাঁড়াল। উঁচু পোতার ঘর। দাওয়ার কিনারাটা সত্যবতীর নাকের কাছাকাছি, পায়ের বুড়ো আঙুলের ওপর সমস্ত দেহভারটা দিয়ে ডিঙি মেরে গলা বাড়িয়ে সত্যবতী তার স্বভাবসিদ্ধ মাজাগলায় ডাক দিল, “অ ঠাকুমা, ঠাকুমা!”

নিরামিষ হেঁসেলের দাওয়ায় ওঠবার অধিকার সত্যবতীর কেন, বাড়ির কারোরই নেই, কেবলমাত্র যাঁরা নিরামিষে অধিকারী তাঁদেরই আছে। মেটে দাওয়ার একপেশে কোণটা থেকে খাঁজ কেটে কেটে সিঁড়ি বানানো হয়েছে, আর সে সিঁড়ি থেকে পায়ে পায়ে এগিয়ে যাওয়া পথ হয়েছে একেবারে 'ঘাট' বরাবর। দীনতারিণী, দীনতারিণীর সেজ জা শিবজায়া, দীনতারিণীর দুই ননদ কাশীশ্বরী আর মোক্ষদা, মাত্র এঁরাই এই পথে পদক্ষেপের অধিকারিণী। ঘড়া নিয়ে ঘাটে যান এবং স্নান সেরে ঘড়া ভরে ভিজ়ে কাপড়ে পায়ে পায়ে এসে একেবারে ওই সিঁড়ি কটি দিয়ে স্বর্গে উঠে পড়েন। ওই রান্নাঘরের দেওয়ালেই তাঁদের কাচাকাপড় শুকোয়, কারণ রাত্রে তো আর এ ঘরে রান্নার পাট নেই। ঘর নিকোনোর কাজেও কিছু আর অভ্যুত্ৰা কেউ এসে ঢুকবে না। সে কাজ মোক্ষদার। এঁটো সকড়ির ব্যাপারে মোক্ষদা বোধ করি স্বয়ং ভগবানকেও সম্পূর্ণ বিশ্বাস করতে পারেন না। কাজেই সে-কাজ নিজের হাতে রাখেন। তা ছাড়া মোক্ষদাই বয়সে সবচেয়ে ছোট, অন্যান্যরা সকলেই তাঁর গুরুজন, অতএব সকলের খাওয়ার শেষে তাঁরই 'ডিউটি'।

রান্নার দায়িত্ব দীনতারিণীর, মোক্ষদার উপর সে রান্নার বিশুদ্ধতা রক্ষার দায়িত্ব। বাকি দু'জন 'যোগাড়ে'। তা অবিশ্যি যোগাড়ের কাজটাও কম না। প্রয়োজনটা চারজনের হলেও আয়োজনটা অন্তত দশজনের মত হয়।

১) এখানে স্বর্গ বলতে বলা হয়েছে ক)রোয়াক খ) শোবার ঘর গ) রান্নাঘর ঘ) এর কোনটাই নয়।

২)দীনতারিণী আর সত্যবতী পরস্পর সম্পর্ক ক) শাশুড়ি বৌমা

খ) ঠাকুমা নাতনি গ) ননদ ভাজ ঘ) দুই সখী।

৩)ক)শিবজায়া খ)সত্যবতী গ) মোক্ষদা ঘ)এরা সবাই নিরামিষ রান্না ঘরে রান্না করছিলেন।

৪) রান্নার 'যোগাড়ে' থাকেন ক)দীনতারিণী সত্যবতী খ) শিবজায়া কাশীশ্বরী গ) মোক্ষদা দীনতারিণী ঘ) এরা কেউ নয়।

৫)ডিউটি বলতে বলা হয়েছে ক) রান্না করা খ)কাপড় কাচা গ) বাসন মাজা ঘ) এর কোনটাই নয়।

৬)দীনতারিণীর সেজ জা ক)মোক্ষদা খ)কাশীশ্বরী গ) শিবজায়া ঘ) এদের কেউ নয়।

৭) রান্নার আয়োজন হয় ক) দশজনের খ) চারজনের গ) দুই জনের ঘ) ছয়জনের।